

ABSTRACT/PREFACE

শৈশবেই সাহিত্যচর্চাকে বাহন করে জীবনে পথচলার হাতিয়ার করেন যে সকল কথাশিল্পী তাঁদের মধ্যে আফসার আমেদ অগ্রগণ্য। পল্লিপ্ৰকৃতির স্নেহস্পর্শধন্য হাওড়া জেলার এক প্রত্যন্ত গ্রাম কড়িয়াতে জন্মগ্রহণ করা এই শ্রষ্টা সারাজীবন সমাজের বঞ্চিত, অবহেলিত, নির্যাতিত মানুষের সমবেদনায় সমব্যথী থেকেছেন। বাঙালি আত্মপরিচয়ে আত্মশ্লাঘা অনুভব করা ও সাধারণ মানুষের মনোবিশ্লেষণধর্মী গবেষণায় কৃতিত্বের সঙ্গে সাফল্যলাভ আফসার আমেদকে বাংলা কথাসাহিত্যের গিরি শিখরে উপনীত করে। আফসার আমেদের কথাসাহিত্য নিয়ে আলোচনার ক্ষেত্রে প্রথমেই যে বিষয়টি সামনে আসে তা হল, তাঁর সমাজের পিছিয়ে পড়া, শোষিত, অত্যাচারিত জনগোষ্ঠীর পাশে দাঁড়ানোর প্রবণতা— তাদের বাস্তব অবস্থান, মানসিকতাকে সাহিত্য প্রাক্কণে প্রতিস্থাপিত করার এক অনবদ্য প্রয়াস। সমাজের সেই নিম্ন ও নিম্নমধ্যবিত্ত সম্প্রদায়ের মানুষজনের চেতন-অবচেতন মনের আণুবীক্ষণিক বিশ্লেষণে তিনি সত্যিই প্রশংসনীয়।

সময় ও সমাজের অভিঘাতে আফসার আমেদের কথাসাহিত্য নিয়ে সার্বিক আলোচনাকে একটি ভূমিকা, পাঁচটি অধ্যায় এবং শেষে উপসংহারের মাধ্যমে তুলে ধরতে চেয়েছি। প্রথম অধ্যায় ‘আফসার আমেদ : সংক্ষিপ্ত জীবন পরিচয়’-এ তাঁর শৈশব, কৈশোর, যৌবন তথা সারাজীবনের অল্পমধুর স্মৃতিআশ্রয়ী বিভিন্ন ঘটনা তথা লেখক হয়ে ওঠার অনুপ্রেরণা, অল্পবয়সেই লেখক হিসাবে স্বীকৃতিলাভ, দারিদ্র্যতাকে আজীবন পাথেয় করে চলার অপরিসীম সাহস, ধৈর্য, শিক্ষাজীবন, সাংসারিক পরিমণ্ডল, পুরস্কারপ্রাপ্তি ইত্যাদি

বর্ণিত হয়েছে। দ্বিতীয় অধ্যায় 'সমসময়ের বাংলা কথাসাহিত্য ও আফসার আমেদ'-এ লেখকের সমকাল তথা আশির দশকের বাংলা কথাসাহিত্যের ধারা এবং সেসময়ের বিশিষ্ট বাংলা কথাসাহিত্যিকদের মধ্যে তিনি নিজেকে কতটা প্রতিষ্ঠিত করতে পেরেছেন, সেকথাই আলোচিত হয়েছে। তৃতীয় অধ্যায় 'আফসার আমেদের উপন্যাসে সময় ও সমাজের অভিঘাত'-এ বাংলা সাহিত্যে ব্যতিক্রমী রচনা হিসাবে লেখকের কিসসা-উপন্যাসগুলির উপর আলোকপাত করা হয়েছে। এছাড়া, সমাজের বৈচিত্র্যধর্মী বিষয়ের নিরিখে লেখকের অন্যান্য নির্বাচিত উপন্যাসগুলির রূপকল্প নির্মাণ ইত্যাদি বিষয় এ অধ্যায়ে স্পষ্ট করা হয়েছে। চতুর্থ অধ্যায় 'আফসার আমেদের ছোটগল্পে সময় ও সমাজের অভিঘাত'-এ লেখকের অসামান্য সব ছোটগল্প স্থান পেয়েছে। আর্থ-সামাজিক প্রেক্ষাপটে বিচিত্র চরিত্রদের সমাবেশে আফসারের ছোটগল্পগুলি বড়ো চমৎকারভাবে অঙ্কিত হয়েছে। পঞ্চম অধ্যায় 'আফসার আমেদের কথাসাহিত্যে স্বতন্ত্রতা'-এ কথাসাহিত্যিক আফসার আমেদের উপন্যাস ও ছোটগল্পগুলির বিষয়-আঙ্গিকগত বিশ্লেষণের পুঙ্ক্ষানুপুঙ্ক্ষ ক্রিয়া-প্রতিক্রিয়ার নিরিখে তাঁর সৃষ্টিসম্ভারের স্বতন্ত্র দিকগুলি আলোচনা করা হয়েছে। 'উপসংহার'-এ কথাকার আফসার আমেদের কথাসাহিত্যের সাফল্য-ব্যর্থতার তুলনামূলক আলোচনার মাধ্যমে বাংলা সাহিত্যের ইতিহাসে তাঁর স্থান নির্ণয়ের চেষ্টা করা হয়েছে।

Arpita Mondal 04.10.23
গবেষকের স্বাক্ষর

Arpita Mondal 04/10/23
তত্ত্বাবধায়কের স্বাক্ষর

Assistant Professor
Department of Bengali
Presidency University
Kolkata - 700073